

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৫৯

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ খাদীজা (রাঃ) এর মাহাত্ম্য

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ أَتَى جِبْرِيلُ النَّبِيَّ عَلَيْ فَقَالَ يَا رَسُوْلَ اللهِ هَذِهِ خَدِيجَةُ قَدْ أَتَتْكَ مَعَهَا إِنَاءٌ فِيهِ إِدَامٌ أَوْ طَعَامٌ أَوْ شَرَابٌ فَإِذَا هِى أَتَتْكَ فَاقْرَأْ عَلَيْهَا السَّلاَمَ مِنْ رَبِّهَا عَزَّ وَجَلَّ وَمِنِّى وَبَشِّرْهَا بِبَيْتٍ فِى الْجَنَّةِ مِنْ قَصَبٍ لاَ صَخَبَ فِيهِ وَلاَ نَصَبَ قَالَ أَبُو بَكْرٍ فِى وَمِنِّى وَبَشِّرْهَا بِبَيْتٍ فِى الْجَنَّةِ مِنْ قَصَبٍ لاَ صَخَبَ فِيهِ وَلاَ نَصَبَ قَالَ أَبُو بَكْرٍ فِى رَوَايَتِهِ عَنْ أَبِىْ هُرَيْرَةَ وَلَمْ يَقُلْ سَمِعْتُ وَلَمْ يَقُلْ فِى الْحَدِيثِ وَمِنِّى

বাংলা

(২৮৫৯) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা জিবরীল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললেন, 'হে আল্লাহর রসূল! এই যে খাদীজা আপনার নিকট আসছে, তার সাথে আছে একটি পাত্র, তাতে আছে ব্যঞ্জন বা খাদ্য বা পানীয়। সুতরাং সে এলে আপনি তাকে তার প্রতিপালকের পক্ষ থেকে এবং আমার পক্ষ থেকে সালাম জানান। আর তাকে জান্নাতে (তার জন্য) ফাঁপা মুক্তা নির্মিত একটি অট্টালিকার সুসংবাদ দান করুন; যেখানে কোন হট্টগোল ও ক্লান্তি থাকবে না।

ফুটনোট

(আহমাদ ৭১৫৬, বুখারী ৩৮২০, মুসলিম ৬৪২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন